রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ৮ জুলাই, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শাখা-১০

## প্রজ্ঞাপন

তারিখ, ৮ই জুলাই, ২০০১ইং/২৪শে আষাঢ়, ১৪০৮বাং

এস, আর, ও নং ১৮৪ আইন/২০০১/শ্রকম-১০/নিঃমঃনিঃ-২৮/২০০১—Minimum Wages Ordinance, 1961 (Ord. No. XXXIX of 1961)-এর section 6(1)(a)-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশ বিবেচনা করিয়া বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নতম মজুরীর হার পুনঃনির্ধারণক্রমে, বাংলাদেশের সকল ব্যক্তি মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত প্রাপ্ত বয়স্ক অদক্ষ শ্রমিক এবং তরুণ (Juvenile) শ্রমিকদের, কৃষি ও ডমেষ্টিক শ্রমিক ব্যতীত (except agricultural and domestic labour), নিম্নতম মজুরীর হার নিম্ন তফসিলের কলাম ২এ বর্ণিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে উহার বিপরীতে কলাম ৩এ উল্লিখিত হারে উক্ত শ্রমিকদের নিম্নতম মজুরী হিসাবে ঘোষণা করিল ঃ

## তফসিল

| ক্রমিক নং | শিল্প প্রতিষ্ঠানের শ্রেণীবিভাগ | নিম্নতম মজুরী হার |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১। | ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে (অনূর্ধ ১০ জন শ্রমিক) | ১২০০/- টাকা |
| ২। | মাঝারী শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে (১১ হইতে ৪৯ জন শ্রমিক) | ১২৫০/- টাকা |
| ৩। | বৃহৎ শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে (৫০ এবং তদূর্ধ সংখ্যক শ্রমিক) | ১৩৫০/- টাকা |



মূল্য ঃ টাকা ১.০০

ক. উল্লিখিত নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং নিম্নতম মজুরী ছাড়াও বর্তমানে প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ যে সকল সুযোগ-সুবিধাদি শ্রমিকগণ পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

খ. কোন শ্রমিক বর্তমানে যদি উল্লিখিত হারের অধিক মজুরী পাইয়া থাকেন সেই ক্ষেত্রে উক্ত মজুরী কোন অবস্থাতেই হ্রাস করা যাইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**সুরাইয়া বেগম**
উপ-সচিব (শ্রম)।

মোঃ আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।